বিনোদন

তুষার আবদুল্লাহর ছবি বানাবেন অঞ্জন দত্ত

বাংলাদেশি চলচ্চিত্র 'মন বাকসো'তে শুধু কেন্দ্রীয় চরিত্রে অভিনয়ই করবেন না পশ্চিমবঙ্গের প্রখ্যাত গায়ক ও নির্মাতা অঞ্জন দত্ত, ছবিটি পরিচালনাও করবেন তিনি। তুষার আবদুল্লাহর রচনা ও চিত্রনাট্যে এ ছবিটি প্রযোজনা করছে মাধ্যম লিমিটেড। 'মন বাকসো'র কাহিনী নিয়ে বাংলাদেশের বেশ কয়েকজন পরিচালকের কাছে গিয়েছিলেন তুষার আবদুল্লাহ, কিন্তু তেমন বাণিজ্যিক সাফল্যের সম্ভাবনা নেই ভেবে তারা তাকে ফিরিয়ে দিয়েছেন। অগত্যা তুষার গল্পটি অঞ্জন দত্তকে মেইল করেন। চিত্রনাট্যটি অঞ্জন দত্তের মনে ধরে যায়। এবারের ঈদে কোনো এক টেলিভিশন চ্যানেলের অনুষ্ঠানে ঢাকায় এসে এ ছবির চুক্তিপত্রে স্বাক্ষর করেন তিনি। অঞ্জন দত্ত পরিচালিত সাড়া জাগানো ছবিগুলোর মধ্যে রয়েছে– 'কলকাতা', 'দ্য বং কানেকশন', 'ম্যাডলি বাঙালি', 'রঙ্গনা আমি আর আসব না', 'আবার ব্যোমকেশ' ইত্যাদি।

মিউজিক ফেস্টিভ্যালে সম্মানিত সোফিয়া লরেন

হলিউডের জীবন্ত আইকন সোফিয়া লরেন সম্প্রতি এক মিউজিক ফেস্টিভ্যালে সম্মানিত হয়েছেন। বার্ষিক নাপা ভ্যালি ফেস্টিভ্যাল দেল সোল-এ অস্কারজয়ী সোফিয়াকে সম্মাননা প্রদান করা হয়। ভিত্তোরিও ডি সিকার 'টু ওমেন' সিনেমায় অভিনয় করে জীবনের প্রথম অ্যাকাডেমি পুরস্কার পেয়েছিলেন এই তারকা। কনটাক্ট মিউজিক জানিয়েছে, ক্যালিফোর্নিয়ায় আয়োজিত এই অনুষ্ঠানে সোফিয়া লরেনকে সম্মান জানাতে উপস্থিত ছিলেন রবার্ট রেডফোর্ড, হুপি গোল্ডবার্গ এবং ফ্রান্সিস ফোর্ড কপোলা। অনুষ্ঠানে হুপি গোল্ডবার্গ স্মরণ করেন কীভাবে লরেনকে রোল মডেল হিসেবে তুলে ধরে তার মা তাকে অভিনয়ে প্রেরণা দিতেন। রেডফোর্ড তার বক্তব্যে উল্লেখ করেন, সমাজের নিম্নস্তর থেকে উঠে এসে লরেন এক সেরা চলচ্চিত্র তারকায় পরিণত হয়েছিলেন। এদিকে এই অনুষ্ঠানে ৭৯ বছর বয়সী এই তারকার উদ্দেশে যারা ভিডিও বার্তা পাঠিয়েছেন তাদের মধ্যে ছিলেন 'গুডফেলাস' তারকা রবার্ট ডি নিরো এবং সাবেক মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন।

স্মৃতিময় ছবি

নেলসন ম্যান্ডেলা ও নাদিন গার্ডিমার

২০০৬ সালের নভেম্বরে ১৯৯১ সালে সাহিত্যে নোবেল জয়ী নাদিন গার্ডিমারের (২০ নভেম্বর, ১৯২৩–১৩ জুলাই ২০১৪) কাছ থেকে অ্যাম্বাসেডর অব কনশ্যান্স পুরস্কার গ্রহণ করছেন নেলসন ম্যান্ডেলা (১৮ জুলাই, ১৯১৮–৫ ডিসেম্বর, ২০১৩)। উল্লেখ্য, ম্যান্ডেলার এই শ্বেতাঙ্গ বন্ধু সেই সময়েই আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের সদস্য ছিলেন, যখন সংগঠনটি নিষিদ্ধ ছিল। একজন শ্বেতাঙ্গ হয়েও আফ্রিকার কালো মানুষদের অধিকার আদায়ের আন্দোলনে অংশ নিয়ে অনেক ভর্ৎসনার শিকার হয়েছিলেন

আলো

আয়ুব হোসেন

আয়ুব হোসেন। যশোরের বাঘারপাড়া উপজেলার বন্দবিলা ইউনিয়নের কাটুরাকান্দি গ্রামে আর দশজনের মতোই তিনি একজন সাধারণ কৃষক। কিন্তু এই সাধারণ কৃষকই এক সময় অসাধারণ হয়ে উঠলেন, হয়ে উঠলেন এলাকার গর্ব। তার ছোঁয়ায় বিখ্যাত হয়ে উঠেছে বন্দবিলা ইউনিয়ন। বন্দবিলা ইউনিয়নের অধিকাংশ জমিই উঁচু। তিন ফসল ফলানো যায় তাতে। জমির উর্বরাশক্তিও ভালো। কিন্তু চাষিদের অজ্ঞতার কারণে চাষ হতো মাত্র ৩০ হেক্টর জমি। ১০ বছর আগে বিষয়টি নজরে আসে আয়ুব হোসেনের। দেখতে পান চাষিরা অভিজ্ঞ না হওয়ায় জমিতে অতিরিক্ত সার ও কীটনাশক ব্যবহার করছেন। এতে জমির উৎপাদন ক্ষমতা কমে যাচ্ছে। তিনি কৃষকদের সচেতন করার উদ্যোগ নেন। এলাকায় গড়ে তোলেন ২২টি কৃষি ক্লাব, যেখান থেকে কীভাবে জমির সদ্ব্যবহার করে ভালো ফসল ফলানো যাবে, তার ওপর ধারণা দেয়া হতে থাকে। বর্তমানে এ ক্লাবের সংখ্যা ২৪। সদস্যসংখ্যা প্রায় ২ হাজার। চাষিরা এসব ক্লাবে এসে কৃষি বিষয়ে পরামর্শ নেন। বর্তমানে সেখানকার চাষিরা উন্নত জাতের ধান চাষ করছেন। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট বন্দবিলা ইউনিয়নকে 'বারি প্রযুক্তি' পল্লী ঘোষণা দিয়ে সেখানে সার্বিক কৃষি গবেষণার কাজ শুরু করেছে। কৃষির উন্নয়নে কাজ করে যাচ্ছে পনেরোটি কৃষিসম্পৃক্ত সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান। আর এতকিছু যার জন্য হয়েছে, তিনি হলেন আয়ুব হোসেন।

–মামুন রহমান

দিলীপ কুমারের পূর্বপুরুষের বাড়ি পাকিস্তানের জাতীয় ঐতিহ্য

ভারত ও পাকিস্তানের মধ্যে দীর্ঘস্থায়ী দ্বন্দ্বে মাঝেমধ্যে বেশকিছু আশার কথা শোনা যায়। খবরটি তেমনই, সম্প্রতি দিলীপ কুমারের পূর্বপুরুষের বাড়িটিকে জাতীয় ঐতিহ্য হিসেবে ঘোষণা করেছে পাকিস্তান। পেশোয়ারের বিখ্যাত কিসা খাওয়ানি বাজার এলাকায় অবস্থিত এই বাড়িটি দিলীপ কুমারের পূর্বপুরুষের সম্পত্তি। সম্প্রতি দেশটির প্রধানমন্ত্রী নওয়াজ শরীফ বলিউডের এই কিংবদন্তি অভিনেতার পূর্বপুরুষের বাড়িটিকে জাতীয় ঐতিহ্য হিসেবে ঘোষণা করেছেন। নওয়াজ পাকিস্তানের তথ্য মন্ত্রণালয়কে ভারত এবং পাকিস্তানের জনগণের মধ্যে একটি সুন্দর সাংস্কৃতিক সম্পর্ক গড়ে তুলতে বাড়িটিকে ঘিরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন। এদিকে পাকিস্তান সরকার এই বাড়িটিকে জাদুঘর হিসেবে রূপ দেয়ার পরিকল্পনা নিয়ে এগোচ্ছে।

নির্বাকে সুস্মিতা সেন

খবরটি পড়েই অবাক হবেন না। নির্বাক হয়ে যাননি তিনি, বরং প্রথমবারের মতো বাংলা সিনেমায় কাজ করছেন সুস্মিতা সেন। সৃজিত মুখার্জির আগামী সিনেমা 'নির্বাক'-এ অভিনয় করছেন তিনি। এ ছবির মধ্য দিয়ে সাবেক মিস ইউনিভার্স এ বলিউডি তারকা বহু বছর পর আবারো বড় পর্দায় হাজির হচ্ছেন। এ ছবিতে তার সঙ্গে অভিনয় করছেন অঞ্জন দত্ত, যিশু সেনগুপ্ত এবং ঋত্বিক চক্রবর্তী। ভিন্নধর্মী এই সিনেমায় মোট গল্প চারটি, যার প্রত্যেকটিই আবর্তিত হয়েছে সুস্মিতার চরিত্রকে ঘিরে। সম্প্রতি কলকাতার সল্ট লেকে একটি পার্কে শুরু হয়েছে এর শুটিং।

আপনি জানেন কি

একে অন্যের সঙ্গে দিলীপ কুমার, রাজ কাপুর, দেবআনন্দ

পঞ্চাশ এবং ষাটের দশকে বলিউডের দাপুটে তিন অভিনেতা দিলীপ কুমার, দেব আনন্দ আর রাজ কাপুর। কিন্তু মজার বিষয় এই তিন সুপারস্টারকে কখনই একসঙ্গে পর্দায় দেখেননি দর্শকরা। তবে দুজন করে তারা অভিনয় করেছেন বেশ কিছু ছবিতে। এস এস ভাষানের 'ইনসানিয়াতে' একসঙ্গে অভিনয় করেন দিলীপ কুমার আর দেব আনন্দ। রাজ কাপুর 'আন্দাজ' ছবিতে অভিনয় করেছেন দিলীপ কুমারের সঙ্গে। আর 'শ্রীমানজি' ছবিতে অভিনয় করেছেন রাজ কাপুর ও দেব আনন্দ।

পেশিময় শ্রদ্ধা!

'এক ভিলেন' সিনেমার অভাবনীয় সাফল্যের পর হাওয়ায় ভাসছেন 'আশিকি-২' খ্যাত বলিউডের প্রতিভাময়ী অভিনেত্রী শ্রদ্ধা কাপুর। আর নিজেকে প্রস্তুত করছেন 'এবিসিডি-২' সিনেমার জন্য। কোরিওগ্রাফার রেমো ডি সুজার পরিচালনায় 'অ্যানিবডি ক্যান ড্যান্স'র এই সিক্যুয়েলের জন্য এই অভিনেত্রী পেশিবহুল দেহসৌষ্ঠব অর্জনের চেষ্টা করছেন। 'আইএএনএস'কে এই তারকা বলেন, এই সিনেমাটির জন্য আমি কঠোর পরিশ্রম করছি। 'এবিসিডি'র জন্য আমাকে পেশিবহুল শরীর তৈরি করতে বলা হয়েছে। তাই আমি এখন নিয়মিত ডায়েট করছি এবং পেশিসমৃদ্ধ হতে চেষ্টা করছি। এই সিনেমায় শ্রদ্ধার বিপরীতে থাকছেন বলিউডের আরেক নবীন তারকাশিল্পী বরুণ ধাওয়ান।

শার্লক হোমস সেজে বিশ্বরেকর্ড

মাথায় টুপি, চোখে চশমা আর হাতে আতশি কাচ নিয়ে কোট পরা নানাবয়সী একদল শার্লক হোমস! ভাবছেন যেখানে একজন শার্লক হোমস পাওয়াই ভার সেখানে ১১৩ জন! কোত্থেকে এলো? সম্প্রতি বেনেডিক্ট কামবারব্যাচের জন্মদিনকে স্মরণীয় করে রাখতে একশরও বেশি মানুষ একটি ঘরে বিশ্বখ্যাত গোয়েন্দা চরিত্র শার্লক হোমসের সাজে সেজে বিশ্বরেকর্ড করতে এই কাজটি করেছেন। তারা প্রত্যেকে বিখ্যাত এই গোয়েন্দার পোশাকে ইউনিভার্সিটি কলেজ, লন্ডনে উপস্থিত হয়েছিলেন। আর্থার কোনান ডয়েলের এই অসাধারণ সৃষ্টি আজো পাঠকদের নির্মল আনন্দ দিয়ে চলেছে। চরিত্রটির প্রশংসা করেন না এমন কেউ নেই। শার্লক হোমস সোসাইটির রজার জনসন বলেন, এখানে এসে শার্লক হোমসের মতো করে পোশাক পরাটা সত্যিই চমৎকার ব্যাপার।

কৃতজ্ঞ শাকিরা!

সব দল-মতের ঊর্ধ্বে উঠে বিশ্বকাপ ফুটবল কেবল শান্তির কথাই বলে না, বরং দুটো হৃদয়কেও মিলিয়ে দেয়ার ক্ষমতা রয়েছে এই নান্দনিক আয়োজনের। তাই তো ফুটবলের সঙ্গে মিশেই নিজের জীবনের ভালবাসার মানুষটিকে খুঁজে পেয়েছেন শাকিরা! বিশ্বখ্যাত এই গায়িকা তাই বিশ্বকাপ ফুটবলের প্রতি কৃতজ্ঞ। গত মাসেই শেষ হয়ে যাওয়া বিশ্বকাপ ফুটবলের সমাপনী অনুষ্ঠানে সংগীত পরিবেশনার আগে শাকিরা জানালেন, আমি কোনোদিনই ভুলব না যে, বিশ্বকাপে এসেই আমি আমার জীবনের ভালবাসাকে পেয়েছি। ২০১০ সালে আফ্রিকায় অনুষ্ঠিত বিশ্বকাপের থিম সংগীত 'ওয়াকা ওয়াকা' গাইতে গিয়ে শাকিরার পরিচয় ঘটে স্পেনের তারকা খেলোয়াড় জেরার্ড পিকের সঙ্গে। শাকিরা আরো বলেন, বিশ্বকাপ না হলে হয়তো আমার কোলজুড়ে থাকত না আমাদের ছোট্ট সন্তান মিলান।

বড় পর্দায় আবারো জোলি-পিট

২০০৫ সালে 'মিস্টার অ্যান্ড মিসেস স্মিথ' সিনেমার পর এই তারকাদম্পতিকে বড় পর্দায় আর একসঙ্গে দেখা যায়নি। দীর্ঘ ৯ বছর পরে তারা আবারো একসঙ্গে অভিনয় করবেন 'বাই দ্য সি' সিনেমায়। সম্প্রতি ইউনিভার্সাল পিকচার্স এই ছবিটি নির্মাণের ঘোষণা দিয়ে জানিয়েছে, জোলি-পিট জুটি এতে অভিনয় করবেন। ইঅনলাইন ডটকম তাদের রিপোর্টে জানিয়েছে, সিনেমাটি এই জুটির হোম প্রযোজনায় নির্মিত হবে। জোলি একইসঙ্গে সিনেমাটির চিত্রনাট্যকার এবং পরিচালকের ভূমিকায় থাকবেন। এদিকে ব্র্যাড এটি প্রযোজনা করবেন।

গ্রন্থনা : সুমাইয়া শিফাত